DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 14 Nov 2026, 04:00 PM

সারাদেশ

# আখাউড়ায় ছাত্রদলের দুই পক্ষের সংঘর্ষ, পুলিশসহ আহত অন্তত ২০

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: শনিবার, ১৪ নভেম্বর ২০২৬, ০৭:৪৫ AM




ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ায় উপজেলা ছাত্রদলের কমিটি গঠনকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষ

ব্রাহ্মণবাড়িয়ার আখাউড়ায় উপজেলা ছাত্রদলের কমিটি গঠনকে কেন্দ্র করে বিএনপির দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে এক পুলিশ সদস্যসহ অন্তত ২০ জন আহত হয়েছেন। সংঘর্ষের সময় একটি দলীয় কার্যালয় ও চারটি দোকানে ভাঙচুর চালানো হয়।

শুক্রবার বিকেলে ছাত্রদলের নতুন কমিটি গঠন উপলক্ষে এক পক্ষ আনন্দ মিছিল বের করে। প্রত্যক্ষদর্শীরা জানান, মিছিলটি সড়ক বাজার এলাকায় দলীয় কার্যালয়ের সামনে পৌঁছালে সেখানে অবস্থান করা অপর পক্ষের নেতা-কর্মীদের সঙ্গে উত্তেজনা দেখা দেয়। একপর্যায়ে মিছিল লক্ষ্য করে ইটপাটকেল নিক্ষেপ করা হলে দুই পক্ষ সংঘর্ষে জড়িয়ে পড়ে।

সংঘর্ষ চলাকালে ভাঙচুরের ঘটনাও ঘটে। এ সময় সংসদ সদস্য মুশফিকুর রহমানের অনুসারীরা দলীয় কার্যালয়সহ আশপাশের কয়েকটি দোকানের ভেতরে আটকা পড়েন। অন্যদিকে বিএনপি নেতা কবির আহমেদের অনুসারীরা ঘটনাস্থলের নিয়ন্ত্রণ নেন। প্রায় দুই ঘণ্টা অবরুদ্ধ

থাকার পর মুশফিকুর রহমানের পক্ষের নেতা-কর্মীরা সেখান থেকে বেরিয়ে আসেন।

এ ঘটনার পর সড়ক বাজার, লালবাজার ও রাধানগর এলাকার ব্যবসাপ্রতিষ্ঠানগুলো বন্ধ হয়ে যায়। কয়েক ঘণ্টা ধরে এলাকায় উত্তেজনা বিরাজ করে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ দুই পক্ষের মাঝখানে অবস্থান নেয়। খবর পেয়ে ঘটনাস্থলে যান সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট কফিল উদ্দিন মাহমুদ। পরে সন্ধ্যা ছয়টার দিকে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। সংঘর্ষে বিল্লাল নামের পুলিশের এক সদস্য আহত হয়েছেন।

আখাউড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জাবেদ উল ইসলাম বলেন, পাল্টাপাল্টি কর্মসূচিকে কেন্দ্র করে ছাত্রদলের দুই পক্ষের মধ্যে সংঘর্ষ হয়েছে। এ সময় কয়েকটি দোকান ভাঙচুর করা হয়। পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

---

## এ বিভাগের আরও খবর




**টাইপ-২ ডায়াবেটিস ভালো হয়বিশ্ব ডায়াবেটিস দিবসে জেকে লাইফস্টাইলের সচেতনতামূলক উদ্যোগ**

টাইপ-২ ডায়াবেটিস ভালো হয়এই বার্তাকে সামনে রেখে বিশ্ব ডায়াবেটিস দিবস ২০২৬ উপলক্ষে বিশেষ সচেতনতামূলক ক্যাম্পেইন পরিচালনা করেছে ডা. মুহাম্মদ...



**ব্রাহ্মণবাড়িয়ায় ৭ হাজার ৮০০ কেজি জিরাসহ দুই চোরাকারবারি গ্রেপ্তার**

ব্রাহ্মণবাড়িয়ার সদর উপজেলায় ভারত থেকে অবৈধভাবে আনা ৭ হাজার ৮০০ কেজি জিরা ও একটি ট্রাকসহ দুই ব্যক্তিকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ড...



**ব্রাহ্মণবাড়িয়া সদর হাসপাতালে অভিযান, আটক ৭ দালালের ৫ জনের কারাদণ্ড**

ব্রাহ্মণবাড়িয়া জেনারেল হাসপাতালে অভিযান চালিয়ে দালালচক্রের সাত সদস্যকে আটক করেছে জেলা প্রশাসন ও এসআরবি। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে তাঁদে...



**ট্যালকম পাউডারের ঘোষণায় রাসায়নিক পণ্য আমদানি, ২৫ টন পণ্যসহ ট্রাক জব্দ**

ট্যালকম পাউডার আমদানির ঘোষণা দিয়ে এর আড়ালে উচ্চ শুল্কমূল্যের অন্য রাসায়নিক পণ্য আনার মাধ্যমে রাজস্ব ফাঁকির চেষ্টার অভিযোগ উঠেছে যশোরের বেনাপ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/akhauray-chhatrdler-dui-pksher-sngghrsh-pulishsh-aht-ontt-20